ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
*(An Enterprise of Bangladesh Power Development Board)*
বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, বয়রা, খুলনা।

**তথ্য অধিকার**

**মত প্রকাশের হাতিয়ার**

# তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক প্রচারপত্র

### তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের উদ্দেশ্য:

- তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা
- চিন্তা, বিবেক, ভাব ও বাক প্রকাশের অধিকার নিশ্চিত করা
- জনগনের ক্ষমতায়ন করা
- স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন নিশ্চিত করা

### তথ্য অধিকার আইন -২০০৯ অনুযায়ী তথ্য চাওয়া ও প্রাপ্তির পদ্ধতি:

তথ্য চেয়ে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নাম্বার, ই-মেইল এড্রেস এবং চাহিত তথ্য সমূহের স্পষ্ট বর্ণনাসহ নির্ধারিত ফর্মে ওজোপাডিকো'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে (উক্ত ফর্ম ওজোপাডিকো'র ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে)। কোম্পানি/সংস্থা কর্তৃক আবেদন পত্র গ্রহণ।

### তথ্য প্রদান পক্রিয়া ও সময়সীমাঃ

- ২৪ ঘন্টার মধ্যে প্রাথমিক তথ্য প্রদান
- কারও জীবন, মৃত্যু, গ্রেফতার বা কারাগার হতে মুক্তি সংক্রান্ত জরুরি বিষয় হলে) { ধারা-৯(৪)}।
- অনধিক ২০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান (যদি তথ্য উপাত্ত নিজ অফিসে মজুদ থাকে) {ধারা-৯(১)}।
- অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান (চাহিত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট/কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে। {ধারা-৯(২)}।
- অনধিক ১০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান (যদি চাহিত তথ্য প্রদানে অপারগ হলে তা আবেদনকারীকে জানাতে হবে) {ধারা-৯(৩)}।

**নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য প্রদান করা না হলে তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছে বলে গন্য হবে।

** তথ্যের জন্য মূল্য নির্ধারিত থাকলে মূল্য পরিশোধ করতে হবে,তথ্যের মুদ্রিত মূল্য বা ফটোকপি'র প্রকৃত ব্যয়ের অধিক মূল্য নির্ধারণ করা যাবে না;

### ওজোপাডিকো'র তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ

| | | |
|---|---|---|
| **ওজোপাডিকো'র তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ**<br>**মো: মাহবুবুর রহমান**<br>সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ)<br>বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা<br>মোবা: ০১৩১৪-৪৯০৮৫২<br>ই-মেইল:mahbubdu1995@gmail.com | **ওজোপাডিকো'র তথ্য অধিকার বিষয়ক বিকল্প কর্মকর্তাঃ**<br>**মোহাম্মদ আলী**<br>সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)<br>বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা<br>০১৯১২-৯৫২১৯৯<br>ই-মেইল: alli001968@gmail.com | **ওজোপাডিকো'র তথ্য অধিকার বিষয়ক আপিল কর্মকর্তাঃ**<br>**মো: মোস্তাফিজুর রহমান**<br>প্রধান প্রকৌশলী<br>(ওএন্ডএম,এসএন্ডডি, সদর দপ্তর)<br>বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা<br>মোবা: ০১৭১১২৯৭৯৬৮<br>ই-মেইল: ce@wzpdcl.gov.bd |

### ওজোপাডিকো কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না দিলে সংক্ষুব্ধ ব্যক্তি কি করবেনঃ

- ✓ সংক্ষুব্ধ ব্যক্তি ধারা ৯ এর উপধারা (১), (২), বা (৪) এ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পেলে সময়সীমা শেষে ৩০ দিনের মধ্যে কিংবা যুক্তিসঙ্গত কারণে ওজোপাডিকো'র আপিল কর্তৃপক্ষের নিকট আপীল করবেন- {ধারা-২৪(১)}।
- ✓ আপিল কর্তৃপক্ষ আবেদনের ১৫ দিনের মধ্যে চাহিত তথ্য সরবরাহের জন্য ওজোপাডিকো'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন {ধারা-২৪ (৩ক)}।
- ✓ আপিল কর্তৃপক্ষের বিবেচনায় আবেদনটি গ্রহণযোগ্য না হলে ১৫ দিনের মধ্যে আপিল আবেদনটি খারিজ করে দিবেন {ধারা-২৪(৩খ)}।
- ✓ আপিল কর্তৃপক্ষের নির্দেশ প্রাপ্তির তারিখ হতে ক্ষেত্র মতে ২৪ ঘন্টা/২০ কার্য দিবস/৩০ কার্য দিবসের মধ্যে তথ্য দিবেন- {ধারা-২৪(৪)}।
- ✓

### ওজোপাডিকো'র আপিলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে সংক্ষুব্ধ ব্যক্তি কি করবেনঃ

- ✓ সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ দিনের মধ্যে কিংবা কারণ থাকলে এর পরে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। (ধারা-২৫(২)।
- ✓ অভিযোগ গ্রহণ/প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগের অনুসন্ধান করে প্রধান তথ্য কমিশনার বা ক্ষেত্রমতে তথ্য কমিশনার তথ্য কমিশনের জন্য একটি সিদ্ধান্ত কার্যপত্র প্রস্তুত করবেন-{ধারা-২৫(৬)}।
- ✓ তথ্য কমিশনের পরবর্তী সভায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কমিশন সাধারণত ৪৫ দিনের মধ্যে নিস্পত্তি করবেন। তবে বর্ধিত সময়ের প্রয়োজন হলে সর্বোচ্চ ৭৫ দিনের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন-{ধারা-২৫(১০)}।
- ✓

### তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামুলক নয় এমন কতিপয় তথ্যঃ

তথ্য অধিকার আইনের ধারা-৭: এই আইনের অন্যান্য বিধানবলীতে যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্তৃপক্ষ কোন নাগরিককে নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান করিতে বাধ্য থাকিবে না। যথা-

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা,অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরুপ তথ্য;

(খ) পররাষ্ট্রনীতর কোন বিষয় যাহার দ্বারা প্রতিবেশি রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হইতে পারে এইরুপ তথ্য;

(গ) কোন বিদেশি সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিভিত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরুপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিভিত্তিক সম্পদ(Intellectul Property Right) সম্পর্কিত তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এমন এইরুপ নিম্নোক্ত তথ্য যথাঃ

(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;

(আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;

(ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;

(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রযোগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;

(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগনের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

(ট)আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;

(ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;

(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এইরূপ তথ্য;

(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;

(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্চনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পুর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;

(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

(ন) মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য।

মোঃ মাহবুবুর রহমান
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ)
ওজোপাডিকো লিঃ, বিদ্যুৎ ভবন
বয়রা, খুলনা।